

# যুগান্তর

প্রিন্ট: ৩০ জুন ২০২৫, ১২:২৭ পিএম

শিক্ষাঙ্গন

## ঢাবির নারী শিক্ষার্থীদের হল সমস্যা সমাধানে স্মারকলিপি প্রদান



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ২৯ জুন ২০২৫, ০৩:৩৪ পিএম



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের হলের সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ভিসি ও প্রক্টরের কাছে স্মারকলিপি দেওয়া হয়েছে।

রোববার (২৯ জুন) সকালে অ্যাকশন ফর কমিউনিটি ট্রান্সফরমেশন (অ্যাক্ট) সংগঠনের নেতাকর্মীরা এ স্মারকলিপি দেন।

এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত নারী শিক্ষার্থীরা হলে প্রতিনিয়ত নানাবিধ সমস্যা ও সীমাবদ্ধতার সম্মুখীন হচ্ছেন, যা তাদের সুশিক্ষা অর্জনের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। একটি নিরাপদ, স্বাস্থ্যকর, অন্তর্ভুক্তিমূলক ও শিক্ষাবান্ধব পরিবেশ নিশ্চিত করতে হলে সমস্যাগুলোর দ্রুত সমাধান প্রয়োজন।

স্মারকলিপিতে সংগঠনটির নেতাকর্মীরা বলেন, আমরা নিচে কয়েকটি জরুরি দাবি উপস্থাপন করেছি, যেগুলোর আশু সমাধান নারী শিক্ষার্থীদের শিক্ষা জীবনকে স্বস্তিদায়ক করে তুলবে:

১/ হলে অবস্থানরত নারী শিক্ষার্থীর মা কিংবা বোনকে জরুরি প্রয়োজনে হলে সাময়িক অবস্থানের সুযোগ দিতে হবে।

২/ অনাবাসিক শিক্ষার্থীদের জরুরি প্রয়োজনে (যেমন: পরীক্ষা, অসুস্থতা) নির্দিষ্ট ফি দেওয়ার মাধ্যমে হলে সাময়িক অবস্থানের সুযোগ দিতে হবে।

৩/ নারী শিক্ষার্থীদের নির্দিষ্ট কার্ড চেকের মাধ্যমে মেয়েদের প্রত্যেক হলে প্রবেশের অনুমতি দিতে হবে।

অ্যাক্টের প্রতিনিধি মনোবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী নাফিসা ইসলাম সাকাফি বলেন, ‘নারী শিক্ষার্থীদের জরুরি প্রয়োজনে মা-বোনকে এবং অনাবাসিক শিক্ষার্থীদের হলে সাময়িক অবস্থানের সুযোগ ও অন্যান্য সুবিধা দেওয়ার জন্য নিয়ম শিথিল করার দাবি জানানো হয়েছে। এতে ভিসি স্যার ও প্রক্টর স্যার কার্যকর উদ্যোগ নেবে বলে আশ্বস্ত করেছেন।’